(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে)

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৭.৩২.০০১.২৪-৬২

তারিখঃ ০৫ ভাদ্র ১৪৩২ / ২০ আগস্ট ২০২৫

## পরিপত্র

**বিষয়ঃ প্রবাসী বাংলাদেশিদের ভোটার নিবন্ধন ও জাতীয় পরিচয়পত্র প্রণয়ণ সংক্রান্ত।**

প্রবাসী বাংলাদেশিদের ভোটার নিবন্ধন ও জাতীয় পরিচয়পত্র প্রণয়ণের জন্য যে সকল দলিলাদি প্রয়োজন হবে, তা নিম্নরূপ-

(ক) আবশ্যকীয় দলিলাদি :

(১) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র (নিবন্ধন ফরম-২ক) *

(২) বাংলাদেশি জন্ম নিবন্ধন সনদের কপি (অনলাইন ভেরিফাইড) *

(৩) মেয়াদ সম্বলিত বাংলাদেশী পাসপোর্টের কপি/মেয়াদোত্তীর্ণ বাংলাদশী পাসপোর্টের কপি/বিদেশী পাসপোর্টের কপি/সংশ্লিষ্ট দেশে বসবাসকারী তিন জন বাংলাদেশি এনআইডিধারী ব্যক্তি কর্তৃক বাংলাদেশি নাগরিক মর্মে (নির্ধারিত ফরমে) প্রত্যয়নপত্র *

(৪) আবেদনকারীর পিতা-মাতার এনআইডির কপি/বাংলাদেশি অনলাইন জন্ম নিবন্ধন সনদের কপি/বাংলাদেশি মৃত্যু সনদের কপি (মৃত হলে)/পাসপোর্টের কপি/ওয়ারিশ সনদের কপি/বাংলাদেশের বাসিন্দা মর্মে নাগরিক সনদের কপি *

(৫) পাসপোর্ট সাইজের ১ কপি রঙিন ছবি *

(খ) অন্যান্য দলিলাদি (প্রযোজ্য ক্ষেত্রে)

(১) শিক্ষা সনদের কপি (SSC/Equivalent Certificate/JSC/PEC সনদ);

(২) নির্বাচন কমিশন কর্তৃক 'বিশেষ এলাকা' হিসেবে ঘোষিত চট্টগ্রাম বিভাগের ৫৬ টি উপজেলা/থানা এর জন্য অতিরিক্ত তথ্য সম্বলিত 'বিশেষ তথ্য ফরম' (বিশেষ এলাকার ভোটারদের জন্য জারীকৃত পরিপত্রে উল্লিখিত C ক্যাটাগরির আবেদনকারীদের জন্য);

(৩) নিকাহনামা (Marriage Certificate) ও স্বামী/স্ত্রীর জাতীয় পরিচয়পত্র;

(৪) আবেদনকারীর নাগরিকত্ব সনদ (কাউন্সিলর, চেয়ারম্যান/মেয়র/ সিইও/প্রশাসক কর্তৃক);

(৫) সংশ্লিষ্ট ঠিকানা সম্বলিত ইউটিলিটি বিলের কপি/হোল্ডিং ট্যাক্স রশিদ।

উল্লেখ্য যে-

- মিশন অফিস হতে প্রাপ্ত Appointment অনুসারে নির্ধারিত তারিখে স্বশরীরে উপস্থিত হয়ে ক্রমিক (ক) এ বর্ণিত তারকা (*) চিহ্নিত আবশ্যকীয় দলিলাদি নিবন্ধন কেন্দ্রে (সংশ্লিষ্ট মিশন অফিসে) জমা দিতে হবে এবং ছবি ও বায়োমেট্রিকস (দশ আঙ্গুলের ছাপ, আইরিশ, স্বাক্ষর) প্রদান করতে হবে;
- ক্রমিক (খ) এ বর্ণিত প্রয়োজনীয় অন্যান্য দলিলাদিও নিবন্ধন কেন্দ্রে জমা দেয়া যাবে, তবে নিবন্ধন কেন্দ্রে সম্ভব না হলে, আবেদনকারীর পক্ষে বাংলাদেশে অবস্থানরত প্রতিনিধির মাধ্যমে উক্ত দলিলাদি তদন্তকারী কর্মকর্তা তথা রেজিস্ট্রেশন অফিসার (সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসার) এর নিকট প্রদান করা যাবে।

০২। এছাড়া প্রবাসীদের জন্য নির্ধারিত 'ফরম-২ক' এ প্রদত্ত তথ্যাদির ভিত্তিতে সংশ্লিষ্ট ভোটার এলাকার উপজেলা/থানা নির্বাচন অফিসার কর্তৃক সরেজমিন তদন্ত প্রতিবেদন আবশ্যক হবে।

*(চলমান পাতা)*

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

০৩। এ পরিপত্র অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ নমুনা প্রত্যয়নপত্র

১০-১১-২০২৫

খান আবি শাহানুর খান
পরিচালক (নিবন্ধন ও প্রবাসী)
জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ
ফোনঃ ০২-৫৫০০৭৬১২
ই-মেইল: khandeobabor@gmail.com

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়

১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়
২। মানব্যার রাষ্ট্রদূত/হাইকমিশনার.......................... (সংশ্লিষ্ট সকল)
৩। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৫। কনসাল জেনারেল/মিশন প্রধান.............................. (সংশ্লিষ্ট সকল)
৬। প্রকল্প পরিচালক, আইডিইএ প্রকল্প (দ্বিতীয় পর্যায়), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭। যুগ্ম সচিব.............(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৯। সিস্টেম ম্যানেজার (আইসিটি/কারিগরি), নির্বাচন কমিশন সচিবালয়/জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নিকস, ঢাকা
১০। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা............................................ (সকল)
১১। উপসচিব/পরিচালক..........(সকল), নির্বাচন কমিশন সচিবালয়/এনআইডি উইং/নিপ্রই, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২। সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার. ...................... (সকল)
১৩। অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ....................... (সকল)
১৪। সিস্টেম এনালিস্ট (সকল), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
১৫। সিনিয়র সহকারী সচিব/উপ-পরিচালক/ প্রোগ্রামার/ মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (সকল), নিকস/ইটিআই, ঢাকা
১৬। অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা..................(সকল)
১৭। সহকারী সচিব/সহকারী পরিচালক, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা/ইটিআই
১৮। উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার ...... (সকল)
১৯। সহকারী প্রোগ্রামার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা/ইটিআই
২০। নির্বাচন কর্মকর্তা.................................................. (সকল)
২১। সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসার .................. (সকল)

স্মারক নং- ১৭.০০.০০০০.০৮৭.৩২.০০১.২৪-৬২

তারিখঃ ০৫ ভাদ্র ১৪৩২ / ২০ আগস্ট ২০২৫

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে) জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়

১। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
(মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২-৫। মাননীয় নির্বাচন কমিশনারগণের একান্ত সচিবগণ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
(মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
৬। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

পরিচালক (নিবন্ধন ও প্রবাসী)
জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

## প্রত্যয়নপত্র

আমি/আমরা এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, নাম ....................................... পিতা: ........................................, মাতা: ........................................, স্থায়ী ঠিকানা : .............................................................................................. বর্তমানে ............................দেশের নাম ............................ঠিকানায় বসবাস করিতেছেন। তিনি প্রকৃত পক্ষে বাংলাদেশের নাগরিক। আমি/আমরা তাঁর সর্বাঙ্গীন মঙ্গল কামনা করছি।

| ১ম প্রত্যয়নকারী | ২য় প্রত্যয়নকারী | ৩য় প্রত্যয়নকারী |
|---|---|---|
| নাম: | নাম: | নাম: |
| এনআইডি নম্বর: | এনআইডি নম্বর: | এনআইডি নম্বর: |
| পাসপোর্ট নম্বর: | পাসপোর্ট নম্বর: | পাসপোর্ট নম্বর: |
| মোবাইল নম্বর: | মোবাইল নম্বর: | মোবাইল নম্বর: |
| স্থায়ী ঠিকানা: | স্থায়ী ঠিকানা: | স্থায়ী ঠিকানা: |
| বর্তমান ঠিকানা: | বর্তমান ঠিকানা: | বর্তমান ঠিকানা: |

নির্বাচন কমিশন সচিবালয় ★ জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ ★ শেরে বাংলা নগর ঢাকা।